

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
সুনাগঞ্জ সদর, সুনাগঞ্জ।
www.acl.sadar.sunamganj.gov.bd

স্মারক নং-৩১.৪৬.৯০৮৯.০০০.১৫.০০৩.২৪.১৫৫(২৫)

তারিখ : ২৫ অক্টোবর ২০২৪ খ্রি.

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এর আলোকে ইজারাকৃত জলমহাল খাসকালেকশন প্রদানের লক্ষ্যে আবেদন আহবান

বিজ্ঞপ্তি নং- ০১/২০২৪ খ্রিঃ

এতদ্বারা প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্যজীবী সংগঠন এবং সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সুনাগঞ্জ জেলা জলমহাল কমিটির ব্যবস্থায় নিম্নবর্ণিত জলমহাল শুধুমাত্র ১৪৩১ বাংলা সনের অবশিষ্ট সময় অর্থাৎ ৩০ চৈত্র, ১৪৩১ বাংলা সন পর্যন্ত সময়ের জন্য আদায়ের লক্ষ্যে নিম্নোক্ত শর্তাধীনে আবেদন আহবান করা যাচ্ছে।

খাস-কালেকশন বিজ্ঞপ্তি প্রকাশের পর আগামী ২১.১০.২৪ তারিখ রোজ সোমবার সকাল ৯.০০ ঘটিকা হতে দুপুর ০২.০০ ঘটিকা পর্যন্ত এ কার্যালয়ের দরপত্র বাস্তবে (সীলগালাকৃত বন্ধ খামে) আবেদন পত্র দাখিল করা যাবে। ঐ দিন বিকাল ০৩.০০ ঘটিকায় প্রাপ্ত আবেদন বাস্তব (যদি কেহ উপস্থিত থাকে) সকলের সম্মুখে খোলা হবে।

১৪৩১ বাংলা সনে খাস-কালেকশন জলমহালের তালিকা

ক্রঃ নং	জলমহালের নাম	উপজেলার নাম	মৌজা ও জেএলনং	পরিমাণ একর	সরকারী নির্ধারিত মূল্য	মন্তব্য
০১	৮২/২ সুরমা নদী জলমহাল	সুনাগঞ্জ সদর	মৌজা-পৈন্দাহা-পুর/১৫১		৮,৮৩,৯৬৪/-	২০ একরের উর্ধ্বে
			এসএ, দাগ নং- ১০৪২	৫.৮৫		
			এসএ, দাগ নং-১০৪৩	৩.৬০		
			মৌজা- নুরুল্লা/১৫০			
			এসএ দাগ-১	১৩.১৭		
			এসএ দাগ-৯৮৩	১৩.৫০		
			এসএ দাগ-৯৮৪	১৫.৬৬		
			মৌজা- বারঘর/১৪৯			
			এসএ দাগ-৬২৪	১৩.৫৩		
			দক্ষিণমনমতের চর/৩২			
এসএ দাগ-৪৯৬/৭৩৮	৩.৬০					
এসএ দাগ-৭৩৯/৬৯৪	২.৫৫					
এসএ দাগ-৬৫৪	৩.০৯					
মৌজা- কলাইয়া/১৫৩						
এসএ দাগ-	৩৫.৬৫					
মোট=	১১০.২০					

শর্তসমূহ :

০১। আবেদনপত্র সহকারী কমিশনার (ভূমি), সুনাগঞ্জ সদর বরাবরে সাদা কাগজে আবেদনকারীর নাম/ঠিকানা, জলমহালের নাম, প্রস্তাবিত মূল্য লিখে খামের ভেতর ঢুকিয়ে এ কার্যালয়ের দরপত্র বাস্তবে দাখিল করতে হবে।

০২। বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট জলমহালের প্রস্তাবিত দরের ৫০% ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জামানত হিসেবে সহকারী কমিশনার (ভূমি), সুনাগঞ্জ সদর বরাবরে আবেদনের সাথে দাখিল করতে হবে। আবেদনপত্র গৃহীত হলে উক্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার খাস কালেকশন মূল্যের সাথে সমন্বয় করা হবে।

৬

- ০৩। খাস কালেকশনের পর প্রস্তাব জেলা প্রশাসক কর্তৃক অনুমোদনের পর ০৫ (পাঁচ) দিনের মধ্যে প্রস্তাবিত সম্পূর্ণ মূল্য ১০% উৎসকর এবং ১৫% ভ্যাটসহ উপজেলা ভূমি অফিসে জমা প্রদান করতে হবে।
- ০৪। সর্বোচ্চ দরদাতা জেলা প্রশাসক কর্তৃক অনুমোদনের পর ০৫ (পাঁচ) দিনের মধ্যে সম্পূর্ণ মূল্য (ভ্যাট ও উৎস করসহ) পরিশোধ করতে ব্যর্থ হলে জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।
- ০৫। খামের উপর জলমহালের নাম স্পষ্ট অক্ষরে অবশ্যই উল্লেখ করতে হবে।
- ০৬। যে সকল জলমহালের উপর খাস আদায়ের বিষয়ে উর্ধ্বতন আদালতের/কর্তৃপক্ষের স্থিতাবস্থা/নিষেধাজ্ঞা/স্থগিতাদেশ আছে সে সকল জলমহালের জন্য উক্ত বিজ্ঞপ্তি কার্যকর হবে না।
- ০৭। খাস- কালেকশনের মূল্য পরিশোধের পর যে কোন অজুহাতে ক্ষতিপূরণ চেয়ে জলমহালের খাসকালেকশনের সময় বর্ধিত করা যাবে না।
- ০৮। জলমহাল সংক্রান্ত বিধিসমূহ সর্বক্ষেত্রে প্রযোজ্য হবে।
- ০৯। ঘষামাজা, কাঁটাছেড়া কিংবা অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে কোন প্রকার কারেকটিং/ফ্লুইড ব্যবহার করা যাবে না।
- ১০। জলমহালের কোন অংশে স্থায়ী/অস্থায়ী বাঁধ বা প্রতিবন্ধকতা স্থাপন করা যাবে না যাতে ফৌজদারি কার্যবিধি ১৩৩ ধারা অথবা ১৯৫০ সালের মৎস্য সংরক্ষণ আইনের কোন বিধান লঙ্ঘিত হয়।
- ১১। জলমহালে পানি শুকিয়ে মাছ ধরা যাবে না এবং মা মাছ ধরা যাবে না।


15/10/24

(মো: ইসমাইল রহমান)
সহকারী কমিশনার (ভূমি)

ও

উপজেলা খাস কালেকশন কমিটি
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
ই-মেইল: aclsnsmsadar@gmail.com

স্মারক নং-৩১.৪৬.৯০৮৯.০০০.১৫.০০৩.২২-৮৬৬(২৫)

তারিখ : ১৫ অক্টোবর ২০২৪ খ্রি:

অনুলিপি : সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য।

- ১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
- ২। পুলিশ সুপার, সুনামগঞ্জ।
- ৩। মেয়র, সুনামগঞ্জ পৌরসভা, সুনামগঞ্জ।
- ৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সুনামগঞ্জ।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। জেলা মৎস্য কর্মকর্তা/জেলা সমবায় কর্মকর্তা, সুনামগঞ্জ।
- ৭। জেলা তথ্য অফিসার, সুনামগঞ্জ।
- ৮। সহকারী কমিশনার, আইসিটি শাখা (বিজ্ঞপ্তিটি জেলা তথ্য বাতায়নে আপলোড দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
- ৯। উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা সমবায়, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
- ১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, সদর/পৈন্দা, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। তাঁকে বিজ্ঞপ্তিটি স্থানীয় বাজারে টোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
- ১১। চেয়ারম্যান মোহনপুর ইউনিয়ন পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
- ১২। চেয়ারম্যান লক্ষণশ্রী ইউনিয়ন পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
- ১৩। নোটিশ বোর্ড/অফিস নথি/মাস্টার ফাইল।


15/10/24

সহকারী কমিশনার (ভূমি)
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।